

ঢাকা রুটে ৫ দিন বন্ধ থাই এয়ারওয়েজের ফ্লাইট

- A Monitor Desk Report

Date: 09 April, 2025



ঢাকাঃ অপারেশনাল কারণে পাঁচ দিনের জন্য ঢাকা-ব্যাংকক-ঢাকা রুটে দুটি গুরুত্বপূর্ণ ফ্লাইট বাতিল করেছে থাইল্যান্ডের জাতীয় উড়োজাহাজ সংস্থা থাই এয়ারওয়েজ।

সংস্থাটির পক্ষ থেকে জানানো হয়েছে, ব্যাংকক থেকে ঢাকা অভিমুখে চলাচলকারী ফ্লাইট টিজি-৩২১ এবং ঢাকা থেকে ব্যাংকক অভিমুখে চলাচলকারী ফ্লাইট টিজি-৩২২ সাময়িকভাবে বাতিল করা হয়েছে।

বাতিলের সময়কাল নির্ধারণ করা হয়েছে ২৮ এপ্রিল থেকে ২ মে ২০২৫ পর্যন্ত। অর্থাৎ পাঁচদিন ফ্লাইট দুটি চলবে না।

তবে এই রুটে তাদের অপর দুটি ফ্লাইট টিজি-৩৩৯ (ব্যাংকক থেকে ঢাকা) এবং টিজি-৩৪০ (ঢাকা থেকে ব্যাংকক) নির্ধারিত সময় অনুযায়ী চালু থাকবে।

থাই এয়ারওয়েজ এক বিজ্ঞপ্তিতে বলেছে, “অপারেশনাল প্রয়োজনের কারণে নির্দিষ্ট ফ্লাইট দুটি বাতিল করা হয়েছে। আমরা যাত্রীদের অসুবিধার জন্য আন্তরিকভাবে দুঃখ প্রকাশ করছি এবং তাদের সহযোগিতার জন্য কৃতজ্ঞ।”

বাতিল হওয়া ফ্লাইটে যাত্রার পরিকল্পনা থাকলে যাত্রীদের নিজ নিজ ট্রাভেল এজেন্ট অথবা থাই এয়ারওয়েজের অফিসিয়াল চ্যানেলের মাধ্যমে যোগাযোগ করার অনুরোধ জানানো হয়েছে।

দীর্ঘদিন ধরেই ঢাকা-ব্যাংকক রুটে প্রতিদিন দুটি করে সরাসরি ফ্লাইট পরিচালনা করে আসছে থাই এয়ারওয়েজ

